জিয়া স্মৃতি জাদুঘর
এম এস খালেদ সড়ক
চট্টগ্রাম-৪০০০

স্মারক নম্বর: ৪৩.২২.১৫৪১.০২৭.০৬.০২০.২৫.৪৪২

তারিখ: ১০ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ
২৩ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: জিয়া স্মৃতি জাদুঘরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকলনা ২০২৪-২০২৫ এর ইনোভেশন শোকেসিং বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন।**

যথাবিহীত সম্মান প্রদর্শনপূর্বক উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মরিকল্পনা ২০২৪-২৫ এর ইনোভেশন শোকেসিং বাস্তবায়নের জন্য জিয়া স্মৃতি জাদুঘর কর্তৃক একটি টিভি, দুইটি তিন সিটের চেয়ার সেট এবং একটি পেনড্রাইভ ক্রয় করা হয়েছে এবং বাংলাদেশ জাতীয় জাদুঘরের শ্রুতি চিত্রন ও আইসিটি শাখা কর্তৃক জিয়া স্মৃতি জাদুঘরে প্রদর্শনের জন্য একটি ডকুমেন্টরি প্রেরণ করা হয়েছে। তা জিয়া স্মৃতি জাদুঘরের মূল ভবনের নিচ তলায় দর্শনার্থীদের জন্য প্রদর্শন করা হচ্ছে। এ সংক্রান্ত একটি প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

অর্পিতা ২৩/০২/২৫

অর্পিতা দাশ গুপ্তা
উপ-কীপার (রুটিন দায়িত্ব)
জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম
ফোন: ০২-৪১৩৬১০১২
e-mail: ziamuseum@gmail.com

**সচিব**
বাংলাদেশ জাতীয় জাদুঘর
শাহবাগ, ঢাকা-১০০০

স্মারক নম্বর: ৪৩.২২.১৫৪১.০২৭.০৬.০২০.২৫.৪৪২(২)

তারিখ: ১০ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ
২৩ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে
১. ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ইনোভেশন টিম ও কীপার সং, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা-১০০০।
২. সংশ্লিষ্ট নথি।

Rana
২৩.০২.২০২৫

মোঃ জুয়েল রানা
সহকারী কীপার
জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম

# জিয়া স্মৃতি জাদুঘরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকলনা ২০২৪-২০২৫ এর ইনোভেশন শোকেসিং কার্যক্রম

বাংলাদেশ জাতীয় জাদুঘরের স্মারক নং ৪৩.২২.০০০০.০০৭.০১.০৫৪.২৪.১৮১৫(৪), তারিখ- ২২.১২.২০২৪ খ্রিস্টাব্দ মোতাবেক বাংলাদেশ জাতীয় জাদুঘরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর ক্রমিক ৩.১ মোতাবেক শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচনের নিমিত্ত জিয়া স্মৃতি জাদুঘর থেকে উদ্ভাবনী ধারণা ও বাজেট চেয়ে বাংলাদেশ জাতীয় জাদুঘরের ইনোভেশন টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তার স্বাক্ষরে একটি পত্র প্রেরণ করা হয়। এর পরিপ্রেক্ষিতে জিয়া স্মৃতি জাদুঘর থেকে বাংলাদেশ জাতীয় জাদুঘরের ইনোভেশন টিমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা বরাবর একটি পত্র প্রেরণ করে উদ্ভাবনী ধারণা ও বাজেট বরাদ্দ চাওয়া হয়। উপর্যুক্ত বিষয়গুলো অনুমোদন ও বাজেট বরাদ্দ হওয়ার পর জিয়া স্মৃতি জাদুঘর পরিচিতি, গ্যালারি ও নিদর্শন পরিচিতি, শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান ও মুক্তিযুদ্ধ সংক্রান্ত একটি তথ্যচিত্র বাংলাদেশ জাতীয় জাদুঘরের শ্রুতিচিত্রন ও আইসিটি শাখা তৈরি করে জিয়া স্মৃতি জাদুঘরে প্রদর্শের জন্য প্রেরণ করে। তথ্যচিত্রটি প্রদর্শনের জন্য জিয়া স্মৃতি জাদুঘর কর্তৃক একটি টেলিভিশন, দুই সেট তিন সিটের চেয়ার এবং একটি পেনড্রাইভ ক্রয় করা হয়েছে। জিয়া স্মৃতি জাদুঘরের মূল ভবনে তথ্যচিত্রটি দর্শনার্থীদের জন্য প্রদর্শিত হচ্ছে।

**উদ্দেশ্য-** জিয়া স্মৃতি জাদুঘরে আগত দর্শনার্থীদেরকে জিয়া স্মৃতি জাদুঘরের ইতিহাস, গ্যালারি পরিচিতি, জাদুঘরের নিদর্শন, মহান মুক্তিযুদ্ধ এবং শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান এর জীবন ও কর্ম সম্পর্কে সম্যক ধারণা দেওয়া।


২৩/০২/২৫


**অর্পিতা দাশ গুপ্তা**
উপ-কীপার (রুটিন দায়িত্ব)
জিয়া স্মৃতি জাদুঘর, চট্টগ্রাম
ফোন: ০২-৪১৩৬১০১২
e-mail: ziamuseum@gmail.com

O/C

CamScanner

জিয়া স্মৃতি জাদুঘরের ইনোভেশন শোকেসিং বাস্তবায়নের স্থিরচিত্র





২৩/০২/২৫